

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৮৮১

পরিচ্ছেদঃ মিনা গমন এবং সেখানে অবস্থান।

باب مَا جَاءَ فِي الْخُرُوجِ إِلَى مِنَّى وَالْمُقَامِ بِهَا

আরবী

حَدَّثَنَا أَبُو سَعِيدِ الْأَشَجُّ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ الأَجْلَحِ، عَنِ الأَعْمَشِ، عَنِ الْحَكَمِ، عَنْ مِقْسَمٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم صلَّى بِمِنًى الظُّهْرَ وَالْفَجْرَ ثُمَّ غَدَا إِلَى عَرَفَاتٍ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ وَأَنَسٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ مِقْسَمٍ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ عَلِيُّ بْنُ الْمَدِينِيِّ قَالَ يَحْيَى قَالَ شُعْبَةُ لَمْ يَسْمَعِ الْحَكَمُ مِنْ مِقْسَمٍ إِلاَّ خَمْسَةَ أَشْيَاءَ . وَعَدَّهَا وَلَيْسَ هَذَا الْحَدِيثُ فِيمَا عَدَّ شُعْبَةُ .

বাংলা

৮৮১. আবৃ সাঈদ আল- আশাজ্জ (রহঃ) ইবন আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম মিনায় যুহর ও ফজর সালাত (নামায/নামাজ) আদায় করেছেন এবং এরপর ভোরে আরাফাতের দিকে যাত্রা করেছেন। - তিরমিজী হাদিস নম্বরঃ ৮৮০ [আল মাদানী প্রকাশনী]

এই বিযয়ে আবদুল্লাহ্ ইবনু যুবায়র ও আনাস (রাঃ) থেকে হাদিস বর্ণীত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, মিকসাম-ইবনু আব্বাস (রাঃ) বর্ণিত হাদিসটির বিযয়ে কথা হলো যে, আলী ইবনুল মাদীনী (রহঃ) ইয়াহইয়া- এর সনদে প্রখ্যাত হাদিস বিশেজ্ঞ শু'বা (রহঃ) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন, মিকসাম থেকে হাকাম মাত্র পাঁচটি রিওয়াতই শুনেছেন। এরপর তিনি এই পাঁচটির বিস্তারিত উল্লেখ করেছেন। কিন্তু এগুলোর মাঝে বক্ষমান হাদিসটি ছিলো না।

English

Al-Hakam reported from Miqsam, that Ibn Abbas narrated: That the Prophet prayed Zuhr and Fajr in Mina, then he left in the morning to Arafat.



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন